

১১/১০/০৭

ছাত্রদের ব্যবহার করা হচ্ছে, বিষয়টি রাজনীতির সঙ্গে জড়ান হচ্ছে ॥ মইনুল

স্টাফ রিপোর্টার ৪ আইন ও তথ্য উপদেষ্টা
ব্যারিস্টার মইনুল হোসেন বলেছেন, আমরা বুঝতে
পারছি ছাত্রদের ব্যবহার করা হচ্ছে। বিষয়টি
রাজনীতির সঙ্গে সম্পৃক্ত করা হচ্ছে। এ ঘটনার জন্য
বেশি কিছু টাকা-পয়সা এসে গেছে। তিনি বলেন,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা একটা বিচ্ছিন্ন ঘটনা।
আমাদের ছেলেরাই সেখানে পড়ে। তাদের কথা
চিন্তা করে ক্যাম্পাস থেকে সেনা ক্যাম্প উঠিয়ে
নেনা হয়েছে। সরকার দুর্ভব প্রকাশ করেছে। এরপর
আর কি করার আছে। তিনি বলেন, আমরা চিরদিন
ক্ষমতায় থাকতে আসিনি। আর থাকবও না। কেউ

কেউ এমন কথা বলছেন, মনে হচ্ছে আমরাই সব
অপরাধ করেছি। আমরা বেশ কিছু সংজ্ঞার করতে
চেয়েছি। সে ক্ষেত্রে আমাদের কিছু ভুল-ত্রুটি
হতেই পারে।

উপদেষ্টা বলেন, বুধবার দেশে যে কারফিউ জারি
করা হয়েছে তা মোটেও ভাল সিদ্ধান্ত নয়। দেশে
যে জরুরী অবস্থা চলছে, আমরা তা বুঝতে দিতে
চাইনি। এ পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীদের হল ছেড়ে
যেতে হচ্ছে। তাদের ব্যবহার করা হচ্ছে।
উপদেষ্টা পরিষদের নৈষ্ঠিক শেষে বুধবার বিকালে
(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

ছাত্রদের ব্যবহার করা

(প্রথম পাতার পর)

তথ্য
মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।
এ সময় তথ্য সচিব দিদারুল আনোয়ারও উপস্থিত ছিলেন।
সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা এমন কোন
সংবাদ পরিবেশন করবেন না যাতে সরকারের এ পরিস্থিতি
কাটিয়ে উঠতে কোন সমস্যা হয়। তিনি বলেন, আমরা
এখনই প্রকাশ ও প্রচার নিয়ন্ত্রণ করতে চাচ্ছি না। এ ক্ষেত্রে
জরুরী ক্ষমতা বিধিমালায় প্রয়োগ করতে চাই না চাচ্ছি না।
তার মানে এই না যে প্রয়োজন হলে এটি প্রয়োগ করব না।
আমরা সরকারে আছি। আমরা সরকারের বিচ্ছিন্ন কেউ না।
তাই দেশের স্বার্থে পত্রিকাকে আমরা কিছু অনুরোধ করতে
পারি। তিনি বলেন, আমাদের অনুরোধ আপনারা মানতেও
পারেন। আবার নাও পারেন। যদি না মানেন তবে
দায়দায়িত্ব আপনারদের।